# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০৮৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪. প্রথম অনুচ্ছেদ - সালাতের কাতার সোজা করা

بَابُ تَسْوِيَةِ الصَّفِّ

### আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «سَوُّوا صُفُوفَكُمْ فَإِنَّ تَسْوِيَةَ الصُّفُوفِ من إِقَامَة الصَّلَاة» . إِلَّا أَنَّ عِنْدَ مُسْلِمٍ: «مِنْ تَمَامِ الصَّلَاةِ»

### বাংলা

১০৮৭-[৩] উক্ত রাবী [আনাস (রাঃ)] থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, তোমরা তোমাদের সালাতের কাতার ঠিক করে নাও। কারণ সালাতের কাতার সোজা করা সালাত (সালাত/নামায/নামাজ) ক্বায়িম করার অন্তর্ভুক্ত। (বুখারী, মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭২৩, মুসলিম ৪৩৩।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীসে কাতার সোজা করার নির্দেশসূচক বাণী কাতার সোজা করা ওয়াজিব হওয়ার প্রমাণ স্বরূপ। পক্ষান্তরে ইবনু হাযম হাদীসে ব্যবহৃত مِنْ تَمَامِ الصَّلَاةِ থেকে প্রমাণ গ্রহণ করেছেন কাতার সোজা করা এবং পরস্পর এঁটে দাঁড়ানো ফরয। পরিশেষে বলতে পারি, আমাদের কাতার সোজা করার বিষয়টি ভালভাবে গুরুত্ব দিতে হবে যাতে অপরাপর হাদীসে কাতার সোজা না করার যে ভয়াবহতার কথা বলা হয়েছে তা থেকে রক্ষা পেতে পারি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55647

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন